



## জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৮/২০১৩

তারিখ: ১৬/০৮/২০১৮

### ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ফরম পূরণ ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের সময়সূচি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ০১ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে আহ্বী প্রার্থীদের উক্ত আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১১ অক্টোবর ২০১৮ তারিখ থেকে শুরু হবে।

উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিশ্চয়ন করা হবে না, সে সকল প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অর্ন্তভুক্ত হবে না। একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) এর <b>Honours tab</b> এর <b>Apply Now (Honours)</b> অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।	০১/০৯/২০১৮ থেকে ১৯/০৯/২০১৮
২।	প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ:	০৩/০৯/২০১৮ থেকে ২০/০৯/২০১৮
৩।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	০৩/০৯/২০১৮ থেকে ২২/০৯/২০১৮
৪।	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [প্রার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: [কলেজকে <b>Login</b> এর মাধ্যমে <b>Application Payment Info (Honours Reg.)</b> অপশনে ক্লিক করে <b>Pay Slip</b> ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	২৩/০৯/২০১৮ থেকে ২৭/০৯/২০১৮

#### দৃষ্টি আকর্ষণ

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত **User ID, Password** এবং **One Time Password (OTP)** পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস বহাল থাকবে। তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য **User ID, Password** এবং **One Time Password (OTP)** পেতে মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেসসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪,

ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- [deanug@nubd.info](mailto:deanug@nubd.info)

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৮/২০১৩

তারিখ: ১৬/০৮/২০১৮

অনুলিপি:

১। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৩। কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি

(মো: কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (অনার্স)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪